গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাবতলী, বগুড়া।
(gabtali.bogra.gov.bd)

স্মারক নং ০৫.৫০.১০৪০,০০০.১৩.০০৩.২৩- ৬৬৬

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৯ / ৩০ মার্চ ২০২৩

জলমহাল ইজারা বিজ্ঞপ্তি (বিজ্ঞপ্তি নং- ০২/২০২৩)

এতদ্বারা গাবতলী উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি'২০০৯ অনুযায়ী গাবতলী উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত সরকারি খাস বদ্ধ জলমহালসমূহ শর্তসাপেক্ষে বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠনের নিকট থেকে পৃথক পৃথক সীলমোহরকৃত খামে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। শর্তাবলী, তথ্যাদি ও জলমহালসমুহের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), গাবতলী, বগুড়ার অফিস/নোটিশ বোর্ড হতে জানা যাবে। আবেদনপত্র নিম্নেবর্ণিত ক্যালেন্ডার অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাবতলী, বগুড়ায় রক্ষিত বাক্সে এবং সহকারী কমিশনার (ভূমি), গাবতলী, বগুড়ায় রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে। আবেদনকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) আবেদনপত্র সমূহ খোলা হবে। ইজারার আবেদন ফরম অফিস চলাকালীন সময়ে ''উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া'' এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার তফসিলভূক্ত ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ৫০০/- (পাঁচশত) টাকা নগদের বিনিময়ে (অফেরৎযোগ্য) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাবতলী, বগুড়া এবং সহকারী কমিশনার (ভূমি) গাবতলী, বগুড়া হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে (সরকারি ছুটির দিন ব্যতীত)।

ক্যালেন্ডার

| পর্যায় | আবেদন পত্র বিক্রয়ের শেষ তারিখ | আবেদনপত্র দাখিলের তারিখ | আবেদনপত্র দাখিলের সময় | আবেদনপত্র খোলার সময় |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ৩০-০৩-২০২৩ খ্রিঃ | ১২-০৪-২০২৩ খ্রিঃ | ১০.০০ টা হতে ২.০০ টা | ৩.০০ মিঃ |
| ২য় পর্যায় | ১৩-০৪-২০২৩ খ্রিঃ | ২৫-০৪-২০২৩ খ্রিঃ | ১০.০০ টা হতে ২.০০ টা | ৩.০০ মিঃ |
| ৩য় পর্যায় | ২৬-০৪-২০২৩ খ্রিঃ | ০৮-০৫-২০২৩ খ্রিঃ | ১০.০০ টা হতে ২.০০ টা | ৩.০০ মিঃ |

বাংলা ১৪৩০ হতে ১৪৩২ সন পর্যন্ত জলমহালের তালিকা অত্র অফিসের নোটিশ বোর্ড, সহকারী কমিশনার (ভূমি), গাবতলী, বগুড়ার কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং অত্র অফিসের ওয়েব সাইট (gabtali.bogra.gov.bd) এই ঠিকানায় পাওয়া যাবে।

বিঃদ্রঃ জলমহাল ইজারা অনুমোদিত হবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যারা সমুদয় ইজারা মূল্যসহ ৩ (তিন) বছরের ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে সক্ষম নন তাদের আবেদন করার প্রয়োজন নেই। আবেদনপত্রের সাথে সংযুক্ত শর্তাবলী প্রতিপালন করতে সক্ষম প্রকৃত মৎস্যজীবী/সংগঠন আবেদন করতে আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :

১. আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি,ব্যাংক এ্যাকাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও নিবন্ধন সনদ সহ ফরমে উল্লেখিত অন্যান্য সকল তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। কোন মৎস্যজীবী সমিতি কার্যকরি আছে কিনা তার জন্য নিবন্ধনকারী অধিদপ্তরের প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল হবে। কোন অনিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

২. সকল সরকারি খাসবদ্ধ জলমহাল ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে।

৩. বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারার মূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হবে। উল্লেখ্য, সরকারি মূল্যের চেয়ে কম ইজারা মুল্যে ইজারা দেয়া হবে না।

৪. সরকারি জলমহাল ইজারা ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুযায়ী শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে।

৫. প্রকৃত মৎস্যজীবিদের সমিতি সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত যেখানে প্রকৃত মৎস্যজিবী সমবায় সমিতি ছাড়া অন্য কোন সদস্য নেই কেবল সেই সমিতি আবেদন জমা দেয়ার উপযুক্ত বলে বিবেচিত হবেন।

৬. মৎস্যজীবী সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উপযুক্ত নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের জন্য যোগ্য হবেন না। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কি-না এবং নিবন্ধনকৃত কি-না তা উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

৭. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবে না।

৮. ইজারার মেয়াদ বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে বাংলা ১৪৩২ সালের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য বলবৎ থাকবে।

৯. উপরে বর্ণিত যে কোন পর্যায়ে কোন জলমহালের অনুকূলে প্রাপ্ত কোন আবেদনপত্র সন্তোষজনক গণ্যে গৃহীত হলে পরবর্তী পর্যায়ে সে জলমহালের জন্য আর কোন আবেদন ফরম বিক্রি করা হবে না। নির্ধারিত তারিখে কোন কারণে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন হতে আবেদন বিক্রি বা গ্রহণের তারিখ ও সময়সূচি প্রযোজ্য হবে।

১০. আবেদনপত্রে উদ্ধৃত সরকারি মূল্যের ২০% অর্থ জামানত উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া অনুকূলে সরকারি তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। প্রত্যেক আবেদনকারী সমিতিকে আবেদনের সাথে সদস্যদের প্রত্যেকের ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। জামানতের ২০% অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১১. সর্বোচ্চ দর গৃহীত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে প্রথম বছরের সমুদয় ইজারামূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং জলমহাল পুনরায় দরপত্রের মাধ্যমে ইজারা দেয়া হবে।

১২. ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা মূল্য বাংলা বছর ভিত্তিতে পরিশোধ করতে হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী সময়ের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ে সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১৩. ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার ০৭ (সাত) দিনের মধ্যে প্রত্যেককে নিজ দায়িত্বে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে।

১৪. উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক আবেদনপত্র চূড়ান্তভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৫. ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব-লিজ প্রদান করা যাবে না। অনুরুপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর কোন ইজারার জন্য আবেদন করতে পারবে না।

১৬. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ সমিতি জামানত ফেরৎ না নিয়ে ০৭ (সাত) দিনের মধ্যে জেলা প্রশাসক, বগুড়া মহোদয়ের নিকট আপিল দায়ের করতে পারবেন।

১৭. আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত পুকুরের ইজারা গ্রহীতা সমিতি অনুকূলে আলাদাভাবে পত্র জারি করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে লটকানো হবে।

১৮. ইজারা প্রদানে বিলম্বের দরুণ ইজারা অর্থ আংশিক বা হারাহারী ভাবে প্রদেয় হবে না অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদেয় হবে না। আবেদনপত্রের খামে জলমহালের নাম ও ক্রমিক সংখ্যা উল্লেখ করতে হবে।

১৯. আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া বরাবরে দাখিল করতে হবে।

২০. মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান আইন সমূহ এবং সময় সময় জারীকৃত সরকারি প্রজ্ঞাপন অনুসরণ ইজারাদারের জন্য বাধ্যতামূলক হবে।

২১. ইজারা গ্রহীতা উর্ধতন সরকারি কর্মকর্তা, জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময় জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

২২. বৎসরের যে কোন সময়েই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ ১৪৩০ বাংলা সন হতে কার্যকর বলে গণ্য হবে।

২৩. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

২৪. ইজারা গ্রহীতা সমিতি/সংগঠন জলমহালের আয়তন হ্রাস-বৃদ্ধি করতে পারবে না এবং জলাশয়ের সীমানা অক্ষুন্ন রাখতে হবে।

২৫. জলমহালের পাড়সহ সীমানার ভিতরে কোন ধরণের অবকাঠামো নির্মাণ করা যাবে না।

২৬. মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে বা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতির অনুকূলে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

২৭. প্রথমবারে আবেদন দাখিল করিলে ঐ আবেদনটি বাদ দিয়ে দরপত্র আহ্বান করা হবে।

২৮. যে কোন আবেদনপত্র বাতিল/গ্রহণের ক্ষমতা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৯. জলমহাল সরেজমিনে দেখে ইজারায় অংশগ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো।

Aftaluzzaman
(মোঃ আফতাবুজ্জামান-আল-ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
মোবাইলঃ ০১৭৩৩৩৩৫৪২৫

ও

আহ্বায়ক
উপজেলা সরকারী জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গাবতলী, বগুড়া।

স্মারক নং ০৫.৫০.১০৪০.০০০.১৩.০০৩.২৩- ৫৫৬

তারিখঃ ১৬ চৈত্র মাঘ ১৪২৯ বঃ / ৩০ মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪২-বগুড়া-৭, বগুড়া।

২। জেলা প্রশাসক, বগুড়া।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাবতলী, বগুড়া।

৫। উপজেলা নির্বাহি অফিসার.......................................(সকল), বগুড়া।

৬। সহকারী কমিশনার (ভূমি), ...................................................... গাবতলী, বগুড়া।

৭। মেয়র, গাবতলী পৌরসভা, গাবতলী, বগুড়া।

৮। উপজেলা............................................................কর্মকর্তা, গাবতলী, বগুড়া।

৯। চেয়ারম্যান..................................;.............ইউপি (সকল), গাবতলী, বগুড়া, বিজ্ঞপ্তিটি তাঁর এলাকার হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে এবং নোটিশ নোটিশ বোর্ডে ঝুলিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১০। সহকারী প্রোগ্রামার, আইসিটি,গাবতলী, বগুড়া বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

১১। জনাব/বেগম...........................................................................................

১২। সভাপতি/সাধারণ সম্পাদক..........................................মৎস্যজীবী সমবায় সমিতি, গাবতলী, বগুড়া।

১৩। নোটিশ বোড।

Aftaluzzaman
উপজেলা নির্বাহী অফিসার
গাবতলী, বগুড়া।

## গাবতলী উপজেলার বাংলা ১৪৩০ হতে বাংলা ১৪৩২ সন পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের তালিকা

## ২য় টেন্ডার

| ক্রঃ নং | জলমহালের নাম | মৌজা | দাগ নং | পরিমাণ (একর) | বিগত ৩ বছরের গড় ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে তিন বছরের সরকারি গড় ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কুশার বিল | চককাতুলী | ১২২৫ | ০.৯৪ | ১৬৫৩৮/- | ১৭৩৬৫/- | |
| ২ | ধানের বিল | জয়ভোগা | ৯১ | ০.৩৮ | ২৬৪৬০/- | ২৭৭৮৩/- | |
| ৩ | মাড়ুয়া-১ | মাড়ুয়া | ৪২৪ | ০.১৫ | ৩৩০৮/- | ৩৪৭৪/- | |
| ৪ | মাড়ুয়া-২ | মাড়ুয়া | ৪২৯ | ০.২৪ | ৩৩০৮/- | ৩৪৭৪/- | |
| ৫ | রামেশ্বরপুর | রামেশ্বরপুর | ৫২০৯ | ০.৯২ | ১৭৩৬৫/- | ১৮২৩৪/- | |
| ৬ | ভ্যাবরার বিল | খুঁপি | ৩৩৪৪ | ১৫.৩৫ | ২৬৪৬০০/- | ২৭৭৮৩০/- | |
| ৭ | সরতাজ | তরফসরতাজ | ৩৭৪ | ১.২৮ | ৩৪৭২৯/- | ৩৬৪৬৬/- | |

(মো. আফতাবুজ্জামান-আল-ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা সরকারি জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গাবতলী, বগুড়া।